বাগেরহাটে আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

বাগেরহাট পৌরসভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। রোববার বিকেলে বাগেরহাট পৌরসভার উত্তর হাড়িখালী সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ও বাগেরহাট ৪ আসনের সংসদ সদস্য ডাঃ মোজাম্মেল হোসেন।

পৌর আওয়ালী লীগের সভাপতি শেখ বশিরুল ইসলামের সভাপত্বি এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের যুগ-সাধারণ সম্পাদক পৌর মেয়র খান হাবিবুর রহমান, যুগ-সাধারণ সম্পাদক সরদার ফখরুল আলম সাহেব, শ্রম বিষয়ক সম্পাদক সরদার বদিউজ্জামান, তথ্য ও গবেষনা সম্পাদক আহাদ উদ্দীন হায়দার, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক সরদার শামীম আহসান, মহিলা আওয়ামী লীগের কেন্দ্রীয় নেত্রী তালুকদার রীনা সুলতানা, বাগেরহাট জেলা পরিষদের সদস্য শরিফা খানম প্রমুখ।
বক্তারা বলেন, দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। এজন্য দলের ভিতর বিএনপি-জামায়াত যেন অনুপ্রবেশ করতে না পারে সেদিকে খেয়াল রাখতে হবে।